

■■ সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৭৪৮

৪৫/ ফ্যীলত (كتاب الفضائل)

পরিচ্ছেদঃ ৩. নবী (ﷺ) এর মু'জিযা প্রসঙ্গে

باب فِي مُعْجِزَاتِ النَّبِيِّ صلى الله عليه وسلم

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الدَّارِمِيُّ، حَدَّثَنَا أَبُو عَلِيِّ الْحَنَفِيُّ، حَدَّثَنَا مَالِكٌ، - وَهُوَ ابْنُ أَلَسٍ - عَنْ أَبِي الزَّيْبِ الْمَكِيِّ، أَنَّ أَبَا الطُّفَيْلِ، عَامِرَ بْنَ وَاثِلَةَ أَخْبَرَهُ أَنَّ مُعَاذَ بْنَ جَبَلِ أَخْبَرَهُ قَالَ خَرَجْنَا مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم عَامَ غَزْوَةِ تَبُوكَ فَكَانَ يَجْمَعُ الصَّلاَةَ فَصَلَّى الظُّهْرَ وَالْعَصْرَ جَمِيعًا وَالْمَغْرِبَ وَالْعِشَاءَ جَمِيعًا حَتَّى إِذَا كَانَ يَوْمًا أَخْرَ الصَّلاَةَ ثُمَّ خَرَجَ فَصَلَّى الظُّهْرَ وَالْعَصْرَ جَمِيعًا ثُمَّ دَخَلَ ثُمَّ حَرَجَ بَعْدَ ذَلِكَ يَوْمًا أَخْرَ الصَّلاَةَ ثُمَّ خَرَجَ بَعْدَ ذَلِكَ الْمَغْرِبَ وَالْعِشَاءَ جَمِيعًا ثُمَّ قَالَ " إِنَّكُمْ سَتَأْتُونَ غَدًا إِنْ شَاءَ اللَّهُ عَيْنَ تَبُوكَ وَمَلَّى الْمَغْرِبَ وَالْعِشَاءَ جَمِيعًا ثُمَّ قَالَ " إِنَّكُمْ سَتَأْتُونَ غَدًا إِنْ شَاءَ اللَّهُ عَيْنَ تَبُوكَ وَإِنَّكُمْ لَنْ تَأْتُوهَا حَتَّى يُضْخِيَ النَّهَارُ فَمَنْ جَاءَهَا مِنْكُمْ فَلاَ يَمَسَّ مِنْ مَائِهَا شَيْئًا حَتَّى أَلَيْ وَالْعَيْنُ مِثْلُ الشِّرَاكِ تَبِضُّ بِشَيْعٍ مِنْ مَاءٍ عَلَى الْمَعْرَ وَالْعَيْنُ مِثْلُ الشِّرَاكِ تَبِضُّ بِشَيْعَ مِنْ مَاءٍ عَلِي الْقَيْنُ مِنَا اللّهُ عليه وسلم وقَالَ لَهُمَا مَا شَاءَ اللّهُ أَنْ يَقُولَ - قَالَ - عَمَّى السَّيَّةُ مَا النَّبِيُ مِنَ الْعَيْنِ قِلِيلاً قَلِيلاً وَلِيلاً حَتَّى اجْتَمَعَ فِي شَيْءٍ - قَالَ - وغَسَلَ رَسُولُ اللّهِ عليه وسلم قِيهِ يَدَيْهِ وَوَجْهَةُ ثُمَّ أَعَادُهُ فِيهَا فَجَرَتِ الْعَيْنُ بِمَاءٍ مُنْهُمِرٍ أَوْ قَالَ عَلَى الله عليه وسلم فِيهِ يَدَيْهِ وَوَجْهَةُ ثُمَّ أَعَادُهُ فِيهَا فَجَرَتِ الْعَيْنُ بِمَاءٍ مُنْهُمِرٍ أَوْ قَالَ عَلَى مُعَلَقُ أَنْ تَرَى مَا هَا هُنَا قَدْ مُلِيً جِنَانًا " .

বাংলা

৫৭৪৮। আবদুল্লাহ ইবনু আবদুর রাহমান দারিমী (রহঃ) ... মুয়ায ইবনু জাবাল (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, তাবুক যুদ্ধের বছর আমরা রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে (যুদ্ধে) বের হলাম। (এ সফরে) তিনি (দুই) সালাত একত্রে আদায় করতেন। অর্থাৎ যোহর ও আসর একত্রে আদায় করতেন আর মাগরিব ও ইশা



একত্রে আদায় করতেন। এভাবে একদিন (এমন) হল যে, সালাত বিলম্বিত করলেন। তারপর বের হয়ে এসে যোহব ও আসর একত্রে আদায় করলেন, অতঃপর (তাঁবুতে) প্রবেশ করলেন। তারপর আবার বেরিয়ে এলেন এবং মাগরিব ও ইশা একত্রে আদায় করলেন। তারপর বললেন, ইনশাআল্লাহ তোমরা আগামীকাল তাবুক প্রস্রবণে পৌছবে আর চাশতের সময় না হওয়া পর্যন্ত তোমরা সেখানে পৌছতে পারবে না। তোমাদের মধ্যে যে (-ই) সেখানে (প্রথমে) পৌছবে, সে যেন তার পানির কিছুই স্পর্শ না করে যতক্ষন না আমি এসে পৌছি।

আমরা (যথাসময়ই) সেখানে পৌছলাম। (কিন্তু) ইতিমধ্যে দু'ব্যক্তি আমাদের আগে সেখানে পৌছে গিয়েছিল। আর প্রস্রবণটিতে জুতার ফিতার ন্যায় ক্ষীণ ধারায় কিছু সামান্য পানি প্রবাহিত হচ্ছিল। মুয়ায (রাঃ) বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম ঐ দুজনকে জিজ্ঞাসা করলেন, তোমরা তার থেকে কিছু পানি স্পর্শ করেছ কি? ... তারা দু'জন বলল, হ্যাঁ। তখন নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাদের দুজনকে তিরস্কার করলেন। আর আল্লাহর যা ইচ্ছা, তাদের তাই বললেন।

রাবী বলেন, তারপর লোকেরা তাদের হাত দিয়ে অঞ্চলি ভরে ভরে প্রস্ত্রবণ থেকে অল্প অল্প করে (পানি) তুলল অবশেষে তা একটি পাত্রে কিছু পরিমাণ সঞ্চিত হল। রাবী বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার মধ্যে তাঁর দু'হাত এবং মুখ মুবারক ধুলেন এবং পরে তা (পানি) তাতে (প্রস্তর্বণে) উলটিয়ে (ঢেলে) দিলেন। ফলে প্রস্তবণটি প্রবল পানি ধারায় অথবা রাবী বলেছেন, প্রচুর পরিমাণে প্রবাহিত হতে লাগল।

আবূ আলী (রহঃ) সন্দেহ করেছেন যে, রাবী এর মধ্যে কোনটি বলেছেন। এবার লোকেরা (চাহিদা) পানি পান করল। পরে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করলেনঃ হে মু'আয যদি তুমি দীর্ঘজিবী হও, তবে আশা করা যায় যে, তুমি দেখতে পাবে, প্রস্রবণের এ স্থানটি বাগানে ভরে গিয়েছে।

English

Mu'adh b. Jabal reported that he went along with Allah's Apostle (ﷺ) in the expedition of Tabuk and he (the Holy Prophet) combined the prayers. He offered the noon and afternoon prayers together and the sunset and night prayers together and on the other day he deferred the prayers; he then came out and offered the noon and afternoon prayers together. He then went in and (later on) came out and then after that offered the sunset and night prayers together and then said:

God willing, you would reach by tomorrow the fountain of Tabuk and you should not come to that until it is dawn, and he who amongst you happens to go there should not touch its water until I come. We came to that and two persons (amongst) us reached that fountain ahead of us. It was a thin flow of water like the shoelace. Allah's Messenger () asked them whether they had touched the water. They said: Yes. Allah's Apostle () scolded them, and he said to them what he had to say by the will of God. The people then took water of the fountain in their palms until it became somewhat



significant and Allah's Messenger () washed his hands and his face too in it, and then, took it again in that (fountain) and there gushed forth abundant water from that fountain, until all the people drank to their fill. He then said: Mu'adh, it is hoped that if you live long you would see its water irrigating well the gardens.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন